

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

সদ/ ২০২৫

তারিখ : ২০/২/২০

ক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
✓ শ্রীপুর হাই স্কুল,
পোঃ- মধুখালী, উপজেলা- মধুখালী, জেলা- ফরিদপুর।

বিষয় : বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক শর্তাবলী পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১০ ইং হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

- ১। আবশ্যিক বিষয় সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারণ বিজ্ঞান,
- ২। নৈর্বাচনিক বিষয় সমূহ : পাঠ্যক্রম অনুযায়ী।
যে কোন ৩টি
- ৩। ঐচ্ছিক বিষয় : ৫
যে কোন ১টি

শর্তসমূহ :

- ১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতে একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
- ৩। বিদ্যালয়ের নবম/১০ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
- ৪। বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখে সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিস্ট্রেশন) বরাবরে দাখিল করতে হবে।
- ৫। এসএসসি পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকার জমা দেয়ার পর ০১/০১/২০১৪ ইং তারিখ হতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- ৬। ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
- ৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- ৮। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ৯। বিদ্যালয়ের আসীনায়ে ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- ১০। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

10.02.10
(মোঃ শাহেদুল খবির চৌধুরী)

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

মেমো নং-

26/2/20

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা-১২০৬।
- ৪। জেলা প্রশাসক, ফরিদপুর
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ৮। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা শিক্ষা বোর্ড, কম্পিউটার সেন্টার, ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা- ১২০৯।
- ১০। রেজিস্ট্রেশন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক